

অঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, বিএআরআই, মাদারীপুর এর উদ্যোগে ২১-০১-২০২৬ খ্রি. ডালের তৈরি পিঠা উৎসব অনুষ্ঠিত হয়। পিঠা উৎসবে উপস্থিত ছিলেন জনাব জাহাঙ্গীর আলম (জেলা প্রশাসক ও জেলা ম্যাজিষ্ট্রেট), মাদারীপুর। শুধু ডালের উপকরণ ব্যবহার করে তৈরি করা হয় প্রায় ৫০/৬০ ধরনের পিঠা। পিঠার গুনগত মান ও স্বাদে অভিভূত হয়ে জেলা প্রশাসক মহোদয় বলেন শকুনী লেক, মাদারীপুরে একটি পিঠার স্টল তৈরি করা হবে। আসন্ন রমজান মাসে ইফতারির জন্য এটা একটি কার্যকরী উদ্যোগ হবে বলে ধারনা করেন ড. সেলিম আহম্মেদ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আরপিআরএস, মাদারীপুর। এর মাধ্যমে বহু মহিলার কর্মসংস্থানের ব্যবস্থা হবে এবং পরিবারের আর্থিক স্বচ্ছলতা ফিরে আসবে। ড. সেলিম আহম্মেদ স্যারের নিরলস পরিশ্রমের কারনে মাদারীপুর, ফরিদপুর, বরিশাল ও পটুয়াখালীর কৃষক/কৃষানীরা দিন দিন ডাল চাষে আগ্রহী হয়ে উঠছেন। তিনি কৃষক/কৃষানীদেরকে বিনামূল্যে উন্নত জাতের ডাল বীজ প্রদান করে থাকেন, যার ফলশ্রুতিতে কৃষক/কৃষানী উপকৃত হচ্ছে।